

**জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫. ৭২০

তারিখ : ২৪ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ।


বিষয় : বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে বন্যা কবলিত এলাকায় গৃহীতব্য কার্যক্রম ও বন্যা হতে পারে এমন এলাকার জন্য প্রস্তুতি ও করণীয় নির্ধারণ বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৯ জুলাই, ২০১৭ তারিখে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে বন্যাকবলিত এলাকায় গৃহীতব্য কার্যক্রম ও বন্যা হতে পারে এমন এলাকার জন্য প্রস্তুতি ও করণীয় নির্ধারণ বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ অধিশাখা সংশ্লিষ্ট নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)ঃ

আলোচনাঃ বন্যা দুর্গত এলাকা বিশেষ করে সুনামগঞ্জে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ ত্রাণ কার্যক্রমের জন্য সুফল ভোগী নির্বাচনে নিরপেক্ষতা বজায় রাখছেন না বলে জানা গেছে।

সিদ্ধান্তঃ স্থানীয় সরকার বিভাগকে ত্রাণ প্রদানের সুফলভোগী নির্বাচনে দুর্যোগ কবলিত এলাকা পরিদর্শনসহ প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে পত্র প্রদান করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক দুর্যোগ কবলিত এলাকা পরিদর্শনসহ নিরপেক্ষভাবে ত্রাণ কার্যক্রমের সুফলভোগী নির্বাচন বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

১। জেলা প্রশাসক (সকল)

.....জেলা।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)

.....জেলা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

০১। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা.....জেলা।

০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।